

মাংস বিক্রয় স্থাপনার লাইসেন্স প্রাপ্তির জন্য জ্ঞাতব্য

লাইসেন্স গ্রহণের বাধ্যবাধকতা

"পশু জবাই ও মাংসের মান নিয়ন্ত্রণ আইন ২০১১" এর ধারা-৮(১) মোতাবেক কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা বিধিবদ্ধ সংস্থা ধারা ৯ এর অধীন লাইসেন্স গ্রহণ ব্যতীত বাণিজ্যিক উদ্দেশ্যে জবাইখানা বা মাংস বিক্রয় স্থাপনা এবং মাংস প্রক্রিয়াকরণ কারখানা স্থাপন করিতে বা পরিচালনা করিতে পারিবেন না।

উক্ত আইন অনুসারে অপরাধের দণ্ডসমূহ নিম্নরূপ

- ২৩। (১) যদি কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা এই আইন বা তদধীন প্রণীত বিধির কোন বিধান লঙ্ঘন করেন, তাহা হইলে উক্ত লঙ্ঘন এই আইনের অধীন একটি অপরাধ হইবে।
 (২) এই আইনের অধীন সংঘটিত অপরাধসমূহ মোবাইল কোর্ট আইন, ২০০৯ (২০০৯ সনের ৫৯নং আইন) অনুসারে বিচার্য হইবে।
 ২৪। (১) যদি কোন ব্যক্তি এই আইন অথবা তদধীন প্রণীত বিধির কোন বিধান লঙ্ঘন করেন বা তদনুযায়ী দায়িত্ব সম্পাদনে অথবা আদেশ অথবা নির্দেশ পালনে ব্যর্থ হন, তাহা হইলে তিনি অনুরূপ লঙ্ঘন অথবা ব্যর্থতার দায়ে অনুর্ধ্ব ১ (এক) বৎসর কারাদণ্ড অথবা অনূন্য ৫ (পাঁচ) হাজার এবং অনুর্ধ্ব ২৫,০০০ (পঁচিশ হাজার) টাকা পর্যন্ত অর্থদণ্ড, অথবা উভয় দণ্ডে দণ্ডনীয় হইবেন।

লাইসেন্স গ্রহণের প্রয়োজনীয় কাগজপত্র (প্রতিটি ৩কপি)

- ১। প্রাণিসম্পদ বিভাগ কর্তৃক প্রদত্ত নির্ধারিত ফরমে আবেদন। ৫। জনবল এর স্বাস্থ্য সনদ এর সত্যায়িত কপি।
 ২। পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি। ৬। লাইসেন্স ফি জমার চালান। (মূলকপি)
 ৩। জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি। ৭। ভ্যাট জমার চালান। (মূলকপি)
 ৪। স্থাপনাগাদকৃত ট্রেড লাইসেন্সের সত্যায়িত কপি। ৮। প্রাণিসম্পদ অধিদপ্তরের লাইসেন্স (নবায়নের ক্ষেত্রে)।

মাংস বিক্রয় স্থাপনা পরিচালনার শর্তাবলী

- ১। বিধিমালা ৮(২) অনুসারে জবাইয়ের জন্য ন্যূনতম বয়স গরু/মহিষ ৮(আট) মাস, ছাগল/ভেড়া ৫ (পাঁচ) মাস হতে হবে।
 ২। পশু জবাইয়ের ২৪ ঘণ্টা পূর্বে পশুর সুস্থতার সনদ গ্রহণ করতে হবে এবং পশু জবাই পদ্ধতি হালাল হতে হবে।
 ৩। নির্ধারিত স্থানে পশু জবাই করিতে হবে বং রানের মাংসে ভক্ষণের জন্য "উপযুক্ত" মর্মে সীল থাকতে হবে।
 ৪। রোগাক্রান্ত, গর্ভবতী, অপ্রাপ্ত বয়স্ক এবং মৃত পশুর মাংস বিক্রয় করা যাবে না।
 ৫। বিধিমালা ধারা ৩(১) ও আইনের ধারা ১৫ এর বিধান অনুসারে সরকার ঘোষিত নিষিদ্ধ দিবসে পশু জবাই বা মাংস বিক্রয় করা যাবে না।
 ৬। মাংস বিক্রয় স্থাপনাটি পরিষ্কার পরিচ্ছন্ন, জীবাণুমুক্ত, মশা মাছি মুক্ত ও দুর্গন্ধমুক্ত হতে হবে।
 ৭। সংশ্লিষ্ট সকল কর্মীকে এপ্রন, হাত গ্লাভস, মাস্ক, হেড কভার পরিধান করতে হবে এবং চুল ও হাত পায়ের নখ ছোট রাখতে হবে।
 ৮। ব্যবহৃত সকল যন্ত্রপাতি (দা, ছুড়ি, কাঁচি, কাঠের তুড়ি, ডিজিটাল ব্যালেন্স) ইত্যাদি প্রতিদিন ভালভাবে ধোঁত ও পরিষ্কার পরিচ্ছন্ন করতে হবে।
 ৯। বর্জ্য সমূহ বা মাংসের উচ্ছিষ্টাংশ (হাড়, চর্বি, চামড়া, শিং) যত্রতত্র না ফেলে নির্ধারিত ডাস্টবিন/ পিটে/ গর্তে ফেলতে হবে।
 ১০। প্রতিদিনের বিক্রয় শেষে স্থাপনার চতুর্পার্শ্বে পরিষ্কার পানি দ্বারা ধোঁত করতঃ জীবাণুনাশক (ব্লিচিং পাউডার/ পটাশ/ স্যাডলন/ ডেটল) ছিটিয়ে বা স্প্রে করে দিতে হবে।
 ১১। ট্রেড লাইসেন্স এবং প্রাণিসম্পদ অধিদপ্তরের স্থাপনাগাদ লাইসেন্স এর কপি দোকানে সংরক্ষণ করতে হবে।
 ১২। লাইসেন্স এর মেয়াদ শেষ হবার ৩০ দিন পূর্বে নবায়নের জন্য আবেদন করতে হবে। লাইসেন্সের মেয়াদ হবে ১ বছর।

মাংস বিক্রয় স্থাপনার জন্য সরকার অনুমোদিত ফি সমূহ

মাংস বা মাংসজাত পণ্য উৎপাদনের পরিমাণ (প্রতি সপ্তাহে)	ক্যাটাগরি	আবেদন ফি	লাইসেন্স ফি	নবায়ন ফি	মন্তব্য
৮ (আট) টন বা উহার উপরে	এ	৩,০০০/-	৭০,০০০/-	১৫,০০০/-	লাইসেন্স /নবায়ন বা এর ১৫% ভ্যাট হিসেবে জমা দিতে হবে।
১(এক) টনের বেশি কিন্তু ৮(আট) টনের নিচে	বি	২,০০০/-	২৫,০০০/-	৭,৫০০/-	
১(এক) টন বা উহার নিচে	সি	১,০০০/-	১৫,০০০/-	১,৫০০/-	

লাইসেন্স ফি ও ভ্যাট জমার কোড :

আবেদন ফি, লাইসেন্স ফি জমার কোড : পুরাতন কোড : ১-৪৪৪১-০০০০-১৮৫৪; নতুন কোড : ১৪৪০৪০১১২৩৭৫৪-১৪২২১৯৯
 ভ্যাট (১৫%) জমার কোড : পুরাতন কোড : ১-১১৩৩-০০৪০-০৩১১; নতুন কোড : ১১১০২০৪১০২০১৫-১১৪১১০১